গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৭- ৪৫১ তারিখঃ ০৬-০২-২০১৮

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৯-০১-২০১৮ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জানুয়ারি/২০১৮ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৯-০১-২০১৮ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (ডিসেম্বর/২০১৭ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ফেব্রয়ারী, ২০১৮ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামি ২০-০২-২০১৮ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ neenashahnaz@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৪ (চার) পাতা।

০৬/০২/২০১৮

(শাহনাজ বেগম নীনা)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১৪০৯৯৫
e-mail: neenashahnaz@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

০১। উপ-পরিচালক (বাজার সংযোগ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০২। উপ-পরিচালক (আরইটিসি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৩। উপ-পরিচালক (গবেষণা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৪। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
০৫। প্রকল্প পরিচালক, সমাপ্ত পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৬। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
০৭। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।
০৮। কর্মসূচী পরিচালক, ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী , ঢাকা।
০৯। সহকারী পরিচালক (প্রশাঃ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৯-০১-২০১৮ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জানুয়ারী/২০১৮ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | সকাল ০৯.৩০ ঘটিকা। |
| তারিখ | : | ২৯ জানুয়ারী, ২০১৮ খ্রিঃ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-‘ক’ । |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ
**আলোচনাঃ**

**১। আলোচ্য বিষয়-১:** ২৮-১২-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৮-১২-২০১৭ তারিখে অনুষ্ঠিত নভেম্বর, ২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ২৮-১২-২০১৭ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২.১:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে সভাকে জানান হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে এডিপিতে ০১টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে এডিপি ৫৩০.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম ও ২য় কিস্তি বাবদ মোট ২৬৫.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং ডিসেম্বর/২০১৭ পর্যন্ত সর্বমোট ১৬৫.৫৬ লক্ষ টাকা অর্থ ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৩১.২৪%। তাছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়িত ০২টি কর্মসূচী এর আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে মোট ৮৩.৮০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১ম ও ২য় কিস্তি বাবদ ৪১.৯০ লক্ষ টাকা ছাড় করা হয় এবং ডিসেম্বর/২০১৭ পর্যন্ত সর্বমোট ৩১.৮২ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৩৭.৯৭%। এডিপি বাস্তবায়নের হার আরও গতিশীল করার লক্ষ্যে প্রকল্প/কর্মসূচি সমূহে ৩য় কিস্তি অর্থ ছাড় সংশ্লিষ্ট সকল কার্যক্রম অতি দ্রুত সম্পাদন করার জন্য প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালককে সভায় নির্দেশনা দেয়া হয়।

**২.১** বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) (সমাপ্ত) প্রকল্পের ডিসপ্লে বোর্ডের সকল অসমাপ্ত কাজ বারবার তাগিদ দেওয়ার পরও এখন পর্যন্ত সম্পন্ন না হওয়ায় সভায় অসন্তোষ জ্ঞাপন করা হয়। এ কারণে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে ডিসপ্লে বোর্ড স্থাপনের সকল অসমাপ্ত কাজ শেষ করে তা চালু করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে সভায় নির্দেশ প্রদান করা হয়। এছাড়া সমাপ্ত প্রকল্পের বছর ওয়ারী সকল অডিট আপত্তি অতিদ্রুত নিস্পত্তি করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কার্যালয়ে যোগাযোগ করার জন্য সভায় নির্দেশ প্রদান করা হয়।

**২.২: “সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)” প্রকল্পের** আওতায় চলমান এসেম্বল সেন্টার নির্মাণ কাজ শেষ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং প্রশিক্ষণ, সেমিনার ও মোটিভেশনাল ট্যুর দ্রুত শেষ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রতিটি প্রশিক্ষণে ৮/১০টি পণ্যের রেসিপি সম্বলিত পুস্তিকা তৈরী করে তা বিতরণের ব্যবস্থা গ্রহণ ও

সাইন্স ল্যাবরোটরী হতে কিছু সংখ্যক পণ্যের পেটেন্ট সংগ্রহ/ক্রয় করে তা মাঠ পর্যায়ে উদ্যোক্তা উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশ প্রদান করেন। এছাড়া প্রশিক্ষণে আদা, রসুন, কাঁচামরিচ ইত্যাদি মসলাজাতীয় পণ্যের প্রক্রিয়াজাতকরণ ও পেষ্ট তৈরীর কলাকৌশল বিষয়ে ধারণা দিতে সভাপতি নির্দেশ প্রদান করেন।

**২.৩: "বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচি"** কর্মসূচির শেষ বছরে চাঁদপুরে আলুর ঘর তৈরীর জায়গা সংক্রান্ত বিষয়ে জটিলতা নিয়ে সভাপতি অসন্তোষ জ্ঞাপন করেন এবং ফেব্রু'/২০১৮ মাসের মধ্যে সকল আলুর ঘর নির্মাণ কাজ সমাপ্ত করতে সভায় পুনরায় নির্দেশনা দেয়া হয়। এছাড়া আলু হতে রকমারি মিষ্টি প্রস্তুত পূর্বক বিক্রয়ের নিমিত্ত মডেল "আলুর মিষ্টি" ঘর তৈরীর কাজ শেষ করতে সভায় পুণরায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া কর্মসূচির কার্যক্রম অব্যহত রাখার নিমিত্ত বৃহৎ আকারে একটি নতুন প্রকল্প/কর্মসূচী প্রস্তাব দিতে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিভিন্ন জেলার আলুর কোল্ড স্টোরেজের এর ভাড়া পুনঃনির্ধারনের জন্য জেলা বাজার কর্মকর্তাগণ কোল্ড স্টোরেজ-এ সরাসরি যোগাযোগ করে এ বিষয়ে তাদের মতামত সংগ্রহ পূর্বক একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য অধিদপ্তরের গবেষণা শাখাকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**২.৪ : ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচির** কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে ফেব্রু'/২০১৮ মাসের মধ্যে সকল প্রশিক্ষণ, সেমিনার ও মোটিভেশনাল ট্যুর কার্যক্রম সমাপ্ত করাসহ শীত মৌসুমে কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে পণ্য সামগ্রী ঢাকা শহরে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে সভায় পুনরায় নির্দেশ প্রদান করা হয়। এছাড়া বিভাগীয় শহরের বিভিন্ন সুপারশপের উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলাপ আলোচনা করে ফ্রেশকাট কর্মসূচির উদ্যোক্তাগণ কর্তৃক উৎপাদিত পণ্য সামগ্রি বিক্রির ব্যবস্থা গ্রহণের নিমিত্ত কর্মসূচি হতে সংশ্লিষ্টদের পত্র প্রদানের জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয় । ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ সম্পর্কে ব্যাপক প্রচার প্রচারণার লক্ষ্যে বিভিন্ন জাতীয় পত্রিকা ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয় ।

**৩: দরপত্রের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** ২০১৭-১৮ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্প/কর্মসূচি সমূহের যে সকল পণ্য/কার্য/ সেবার দরপত্রের কার্যাদেশ প্রদান করা হয়েছে তার গুণগত মান ও সিডিউলের নির্ধারিত স্পেসেফিকেশন মোতাবেক কার্য সম্পন্ন করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**৪-বিবিধঃ** মাঠ পর্যায়ে উদ্যোক্তা উন্নয়ন ও বিভিন্ন কৃষিজাত পণ্যের প্রক্রিয়াজাতকরণ কার্যক্রম আরো গতিশীল করতে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের ৪/৫ জন কর্মকর্তার সমন্বয়ে টীম গঠন করে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর ফুড টেকনোলজি/ প্রযুক্তি হস্তান্তর বিভাগ পরিদর্শন করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। অধিদপ্তরের বিভিন্ন আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে বিদ্যমান অতি পুরাতন মেশিনারী গুলো ডিসপোজালের জন্য গঠিত কমিটি কার্যকর ব্যবস্থা গ্রহণ পূর্বক অতিদ্রুত মতামতসহ সদর দপ্তরে প্রেরণের জন্য পুনরায় সভায় নির্দেশনা প্রদান করা হয়। জেলা অনুষ্ঠিত উন্নয়ন মেলায় সকল জেলা অংশ গ্রহণ করে অধিদপ্তরের দৃশ্যমান কাজগুলো ক্রেস ব্যানারে করে দেখানের জন্য সভায় ধন্যবাদ প্রদান করা হয়। এছাড়া আগামীতে জেলা পর্যায়ে যে সকল প্রচার প্রচারণা মূলক কার্যক্রম আছে তাতে স্ব-উদ্যেগে অংশ গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ডিপিপি অনুযায়ী সমাপ্ত প্রকল্পের আওতায় সংগৃহীত সকল মালামাল প্রধান কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী স্ব-স্ব জেলায় বন্টন করা হয়েছে কিনা তা ইতোপূর্বের গঠিত কমিটি কর্তৃক যাচাই করে প্রতিবেদন প্রেরণ করতে সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। কৃষি মন্ত্রণালয়ের বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার আলোচনার প্রেক্ষিতে "কৃষিজাত পণ্যের বিপণন সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে সংশ্লিষ্ট সরকারী ও বেসরকারি দপ্তর/প্রতিষ্ঠানের সমন্বয় সাধন" করার নিমিত্ত কৃষি বিপণন অধিদপ্তরের বাজার সংযোগ শাখাকে সাচিবিক উদ্যোগ গ্রহনের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালকগণের সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিতভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

৫: সভার সিদ্ধান্তসমূহঃ

এডিপি বাস্তবায়নের হার আরও গতিশীল করার নিমিত্ত প্রকল্প/কর্মসূচি সংশ্লিষ্ট সকল কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পাদনের জন্য বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.১ | প্রকল্পের বছর ওয়ারী সকল অডিট আপত্তি অতিদ্রুত নিস্পত্তি করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ)(সমাপ্ত) |
| ৫.২ | (ক) প্রতিটি প্রশিক্ষণে ৮/১০টি পণ্যের রেসিপি সম্বলিত পুস্তিকা তৈরী করে তা বিতরণের ব্যবস্থা গ্রহণ ও সাইন্স ল্যাবরটারী হতে কিছু সংখ্যক পণ্যের পেটেন্ট সংগ্রহ/ক্রয় করে তা দিয়ে মাঠ পর্যায়ে উদ্যোক্তা উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) প্রশিক্ষণে আদা, রসুন, কাঁচামরিচ ইত্যাদি মসলাজাতীয় পণ্যের প্রক্রিয়াজাতকরণ ও পেষ্ট তৈরীর কলাকৌশল বিষয়ে ধারণা সম্প্রসারণ করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| ৫.৩ | (ক) আগামী ফেব্রয়ারী, ২০১৮ মাসের মধ্যে সকল আলুর ঘর নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে। এছাড়া আলু হতে রকমারি মিষ্টি প্রস্তুত পূর্বক বিক্রয়ের নিমিত্ত মডেল "আলুর মিষ্টি" ঘর তৈরীর কাজ শেষ করতে হবে।<br>(খ) কর্মসূচির বরাদ্দ শেষ হলেও এর কার্যক্রম সারাবছর চালু রাখার নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ এবং বৃহৎ আকারে একটি নতুন প্রকল্প/কর্মসূচী প্রস্তাব করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৫.৪ | (ক) গৃহ পর্যায়ে আলু সংরক্ষণাগার নির্মাণ কৌশল ও তার উপযোগীতা সম্বলিত তথ্যাদিসহ লিফলেট, পোষ্টার ও হ্যান্ডবিল মুদ্রণের ব্যবস্থা নিতে হবে এবং এতদসংক্রান্ত বিষয়ে জাতীয় পত্র পত্রিকায় গণবিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা নিতে হবে।<br>(খ) আলুর বহুমূখী ব্যবহার সম্প্রসারণের লক্ষে আলুর মুখরোচক খাবার জনপ্রিয় করে তুলতে হবে।<br>(গ) এতদসংক্রান্ত সিদ্ধান্ত বাস্তবায়নে কর্মপরিকল্পনা ও প্রস্তাব পরবর্তি সভায় উপস্থাপন করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৫.৫ | ফেব্রয়ারী/২০১৮ মাসের মধ্যে সকল প্রশিক্ষণ, সেমিনার ও মোটিভেশনাল ট্যুর কার্যক্রম সমাপ্ত করাসহ শীত মৌসুমের মধ্যে কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে ফ্রেশকাট পণ্য সামগ্রী ঢাকা শহরে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |
| ৫.৬ | (ক) বিভাগীয় শহরের বিভিন্ন সুপারশপের উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলাপ আলোচনা করে ফ্রেশকাট কর্মসূচির উদ্যোক্তাগণ কর্তৃক উৎপাদিত পণ্য সামগ্রী বিক্রির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ সম্পর্কে ব্যাপক প্রচার প্রচারণার লক্ষ্যে বিভিন্ন জাতীয় পত্রিকা ও ইলেক্ট্রেনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |

| | | |
|---|---|---|
| ৫.৭ | ২০১৭-১৮ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্প/কর্মসূচি সমূহের যে সকল পণ্য/কার্য/সেবা কার্যক্রমের দরপত্রের কার্যাদেশ প্রদান করা হয়েছে তার গুণগত মান ও সিডিউলের নির্ধারিত স্পেসেফিকেশন মোতাবেক কার্য সম্পন্ন করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৫.৮ | মাঠ পর্যায়ে উদ্যোক্তা উন্নয়ন ও বিভিন্ন কৃষিজাত পণ্যের প্রক্রিয়াজাতকরণ কার্যক্রম গতিশীল করতে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের ৪/৫ জন কর্মকর্তার সমন্বয়ে টীম গঠন করে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর ফুড টেকনোলজি/ প্রযুক্তি হস্তান্তর বিভাগ পরিদর্শনে উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি) |
| ৫.৯ | বাজেট বইয়ে উল্লেখিত “কৃষিজাত পণ্যের বিপণন সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে সংশ্লিষ্ট সরকারী ও বেসরকারি দপ্তর/প্রতিষ্ঠানের সমন্বয় সাধন” এর জন্য ত্রৈমাসিক ভিত্তিতে কৃষি মন্ত্রণালয়ে সভা আহবান ও অগ্রগতির প্রতিবেদন প্রদানে সাচিবিক দায়িত্ব পালন করতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ) |
| ৫.১০ | (ক) কাঁঠালের বহুমূখী ব্যবহার সম্পর্কে লিফলেট/ফোল্ডার প্রস্তুত করে ব্যাপক প্রচারের ব্যবস্থা নিতে হবে।<br>(খ) কাঁঠালের গুনাবলী, ব্যবহার ও বিপণন সম্ভাবনার উপর ১টি প্রেজেন্টেশন প্রস্তুত ও কাঁঠাল মৌসুমের পূর্বেই ১টি স্টেকহোল্ডার সভার আয়োজন করতে হবে। | উপ-পরিচালক (গবেষণা) ও প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| ৫.১১ | কাঠালের চিপস, ফ্রেশকাট এবং কাঁচাকাঠালকে ভেজিটেবল মিট হিসেবে জনপ্রিয় করার উদ্যোগ নিতে হবে। | কর্মসূচী পরিচালক ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর